বাংলাদেশের সুবর্ণজয়ন্তী
Bangladesh 50

# রূপালী ব্যাংক পিএলসি.
# RUPALI BANK PLC.
উত্তম সেবার নিশ্চয়তা
বিভাগীয় কার্যালয়, ঢাকা দক্ষিণ, ঢাকা।

মুজিববর্ষের প্রতিশ্রুতি
আর্থিক খাতের অগ্রগতি

সূত্র নং -বিকাঢাদ/সাধারণ/২০২৪/১৪ তারিখ: ০৩/০৬/২০২৪ ইং

## অফিস বিজ্ঞপ্তি

রূপালী ব্যাংক পিএলসি, বিভাগীয় কার্যালয়, ঢাকা দক্ষিণ এর সকল কর্মকর্তা/কর্মচারীদের অবগতির জন্য জানানো যাচ্ছে যে, সেবা প্রদান প্রতিশ্রুতি বিষয়ে স্টেকহোল্ডারগণের সমন্বয়ে অবহিতকরণ সভা ০৫/০৬/২০২৪খ্রি: তারিখ অনুষ্ঠিত হবে। উক্ত সভায় অত্র কার্যালয়ে কর্মরত সকল কর্মকর্তা-কর্মচারীগণকে উপস্থিত থাকার জন্য নির্দেশক্রমে অনুরোধ করা হলো।

(মো: ইসমাইল হোসেন শেখ)
মহাব্যবস্থাপক

বিভাগীয় কার্যালয়, ঢাকা দক্ষিণ ,ঢাকা, ১৪-১৫, মতিঝিল বানিজ্যিক এলাকা, (ইস্পাহানী বিল্ডিং, ৫ম তলা) ঢাকা-১০০০। ফোন-৯৫৫১০০৩,৯৫১১৮৫০,৯৫৮৭৮১৬,৯৫৮৭৮১৫,৯৫১১৮৪৫। ই-মেইল- do-dhaka-south@rupalibank.org

# সভার কার্যবিবরণী

রূপালী ব্যাংক লি:, বিভাগীয় কার্যালয়, ঢাকা দক্ষিণ কর্তৃক জাতীয় শুদ্ধাচার কৌশল বাস্তবায়নের জন্য ০৫.০৬.২০২৪ তারিখে অনুষ্ঠিত সেবা প্রদান প্রতিশ্রুতি বিষয়ে স্টেকহোল্ডারগণের সমন্বয়ে অবহিতকরণ সভার কার্যবিবরণী:

সভার প্রধান অতিথি: জনাব মো: ইসমাইল হোসন শেখ, বিভাগীয় কার্যালয়, ঢাকা দক্ষিণ ।

সভার সভাপতি: জনাব শেখ মনজুর করিম, উপ-মহাব্যবস্থাপক, বিভাগীয় কার্যালয়, ঢাকা দক্ষিণ ।

সভার তারিখ: ০৫.০৬.২০২৪
সভার স্থান: বিভাগীয় কার্যালয়, ঢাকা দক্ষিণ ।
সময়: বিকাল ৩.০০ ঘটিকা।
সভার প্রারম্ভে সর্ভাপতি মহোদয় উপস্থিত সকলকে স্বাগত জানিয়ে জাতীয় শুদ্ধাচার কৌশল বাস্তবায়ন বিষয়ক সেবা প্রদান প্রতিশ্রুতি বিষয়ে স্টেকহোল্ডারগণের সমন্বয়ে অবহিতকরণ সভার শুভ সূচনা করেন। তিনি তার স্বাগত বক্তব্যে সেবা প্রদান প্রতিশ্রুতি বিষয়ে সরকারের ইচ্ছা ও গৃহীত নানামুখী পদক্ষেপ এর আলোকে প্রাতিষ্ঠানিকভাবে স্টেকহোল্ডারগণকে সেবা প্রদান প্রতিশ্রুতি বাস্তবায়নে পেশার প্রতি শতভাগ নিবেদিত থেকে নীতি, নৈতিকতার সাথে প্রতিষ্ঠানের এবং জনস্বার্থে কাজ করার প্রতি গুরুত্ব আরোপ করেন। অত্র কার্যালয়ের সহকারী মহাব্যবস্থাপক জনাব মো: মোতালেব হোসেন তালুকদার সেবা প্রদান প্রতিশ্রুতি বিষয়ে মানবিক মূল্যবোধ, সামাজিক মূল্যবোধ, নৈতিক মূল্যবোধ বজায় রেখে গ্রাহক সন্তুষ্টি অর্জনে যার যার উপর অর্পিত দায়িত্ব যথাসময়ে যথাযথভাবে পালন করার তাগিদ প্রদান করেন । সভার প্রধান অতিথি অত্র কার্যালয়ের সম্মানিত জিএম মহোদয় উপস্থিত সকলের ব্যাংক কর্তৃক সেবা প্রদান বিষয়ে স্টেকহোল্ডারগণের প্রত্যাশা এবং বক্তব্য পর্যালোচনাপূর্বক বিশদ আলোচনা করে নিম্নোল্লিখিত বিষয়ে দিক নির্দেশনামূলক বক্তব্য প্রদান করেন :

১। সিটিজেন চার্টারের আলোকে নির্দিষ্ট ডেস্ক থেকে যথাসময়ে সেবা প্রদান করা।
২। সেবা নিতে এসে স্টেকহোল্ডারগণ যাতে কোনরূপ হয়রানির শেকার না হয় সেদিকে বিশেষ নজর দেয়া।
৩। বেশী বেশী এটিএম কার্ড ইস্যু করা এবং গ্রাহকগণকে মোবাইল ব্যাংকিং এর আওতায় নিয়ে আসা।
৪। জনসচেতসতা তৈরীতে নিয়ন্ত্রনকারী কর্তৃপক্ষ কর্তৃক অনুমোদিত ও নির্দেশিত শুদ্ধাচার বিষয়ক ব্যানার এবং ফেস্টুন দৃশ্যমান স্থানে উপস্থাপন করা।
৫। অত্র কার্যালয় কর্তৃক ঋণ ও অগ্রীম প্রদান সহ আদায় এবং এতদসংক্রান্ত সকল বিষয়ে নিদির্ষ্ট সময়ের মধ্যে সেবা প্রদান করা।
৬। অনলাইন ব্যাংকিং এর আওতায় এক শাখার গ্রাহক অন্য শাখায় গিয়ে যাতে আন্তরিকতাপূর্ণ গ্রাহক সেবা পায়, এ বিষয়টি নিশ্চিত করা।

সিদ্ধান্ত:

উপরোল্লিখিত সকল কার্যক্রম পরিপালন নিশ্চিতকরণসহ নৈতিকতা কমিটির সদস্য সচিব/ফোকাল পয়েন্ট শুদ্ধাচার বাস্তবায়নের অংশ হিসেবে সেবা প্রদান প্রতিশ্রুতি বিষয়ে স্টেকহোল্ডারগণের সমন্বয়ে অবহিতকরণ সভার নিয়মিত আয়োজন এবং এতদসংক্রান্ত প্রতিবেদন তৈরী ও প্রধান কার্যালয়ের নৈতিকতা কমিটির সদস্য সচিব/ফোকাল পয়েন্ট বরাবর বিবরণী প্রেরণ নিশ্চিত করতে হবে।

পরিশেষে সভার সভাপতি উপস্থিত সকলকে ধন্যবাদ জানিয়ে সভার সমাপ্তি ঘোষণা করেন।

(সাবিহা বানু)
এসপিও
সদস্য সচিব, নৈতিকতা কমিটি
০৫

(মো: মোতালেব হোসেন তালুকদার)
সহকারী মহাব্যবস্থাপক
আহবায়ক, নৈতিকতা কমিটি
০৫

বাংলাদেশের সুবর্ণজয়ন্তী Bangladesh 50

# রূপালী ব্যাংক লিমিটেড
# RUPALI BANK LIMITED

বিভাগীয় কার্যালয়, ঢাকা দক্ষিণ, ঢাকা।

মুজিববর্ষের প্রতিশ্রুতি আর্থিক খাতের অগ্রগতি

## সভায় উপস্থিতির তালিকা

০৫.০৬.২০২৪ তারিখে অত্র কার্যালয়ে সেবা প্রদান প্রতিশ্রুতি বিষয়ে স্টেকহোল্ডারগণের সমন্বয়ে অবহিতকরণ সভায় উপস্থিত কর্মকর্তা-কর্মচারী ও স্টেকহোল্ডারগণের উপস্থিতির তালিকা:

| ক্রমিক নং | নাম | স্বাক্ষর |
|---|---|---|
| ১. | জনাব শেখ মনজুর করিম, উপ-মহাব্যবস্থাপক | |
| ২. | জনাব মো: মোতালেব হোসেন তালুকদার, সহকারী মহাব্যবস্থাপক | |
| ৩. | জনাব সাবিহা বানু, এসপিও | |
| ৪. | জনাব নিঘাত সীমা, এসপিও | |
| ৫. | জনাব মো: মজিবর রহমান, এসপিও | |
| ৬. | জনাব মো: শামসুজ্জোহা, এসপিও | |
| ৭. | জনাব মো: জাকির হোসেন, পিও | |
| ৮. | জনাব মো: আব্দুল্ল্যাহ-আল-জুবায়র, পিও | |
| ৯. | জনাব মো: মোসতাক আলী, পিও, (হা: ইঞ্জি:) | |
| ১০. | জনাব তালুকদার মো: সুলতান মাহমুদ, পিও (প্রোগ্রামার) | |
| ১১. | জনাব মো: কামরুল হক, এসও | |
| ১২. | জনাব মাসুমা পারভীন, এসও | |
| ১৩. | জনাব সানজিদা আক্তার, এসও | |
| ১৪. | জনাব আনিসুর রহমান, এসও | |
| ১৫. | জনাব দিবা রানী কুন্ডু, এসও | |
| ১৬. | জনাব খেয়া রহমান একা, এসও (লিগ্যাল অফিসার) | |
| ১৭. | জনাব অনির্বান সরকার, অফিসার | |
| ১৮. | জনাব মো: বিল্লাল হোসেন, অফিস সহকারী | |
| ১৯. | মো: আনোয়ার হোসেন | |
| ২০. | জহিরুল ইসলাম | |
| ২১. | মো: ছালাউদ্দিন | |
| ২২. | আবুল কালাম আজাদ | |
| ২৩. | নজরুল ইসলাম | |
| ২৪ | মো: জুয়েল | |
| ২৫ | আব্দুর রহমান | |
| ২৬ | | |
| ২৭ | | |

(মো: ইসমাইল হোসেন শেখ)
মহাব্যবস্থাপক

বিভাগীয় কার্যালয়, ঢাকা দক্ষিণ ,ঢাকা, ১৪-১৫, মতিঝিল বানিজ্যিক এলাকা, (ইস্পাহানী বিল্ডিং, ৫ম তলা) ঢাকা-১০০০। ফোন- ৯৫৫১০০৩,৯৫১১৮৫০,৯৫৮৭৮১৬,৯৫৮৭৮১৫,৯৫১১৮৪৫। ই-মেইল- do-dhaka-south@rupalibank.org


রূপালী ব্যাংক পিএলসি
সেবা প্রদান প্রতিশ্রুতি বিষয়ে
স্টেকহোল্ডারগণের সমন্বয়ে
অবহিতকরণ সভা


রূপালী ব্যাংক পিএলসি
উত্তম সেবার নিশ্চয়তা
সেবা প্রদান প্রতিশ্রুতি বিষয়ে
স্টেকহোল্ডারগণের সমন্বয়ে
অবহিতকরণ সভা
স্থান : বিভাগীয় কার্যালয়, ঢাকা দক্ষিণ, ঢাকা।
www.rupalibank.com.bd



